কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন অনুবিভাগ
মনিটরিং ও রিপোর্ট শাখা
www.moa.gov.bd

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৩৮.০৫.০০৩.২২.৩২৪

তারিখ: ৭ আশ্বিন ১৪২৯
২২ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **কৃষি মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার কার্যক্রম এর আওতায় 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি কর্তৃক প্রস্তুতকৃত পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক কৃষি মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার কার্যক্রম [১.১] অনুসারে **১ম সভার (জুলাই/২২-সেপ্টেম্বর/২২) ২ নং সিদ্ধান্ত মোতাবেক** 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি' কর্তৃক ২২ আগস্ট ২০২২ তারিখে **মন্ত্রণালয়ের নাগরিক সেবা, দাপ্তরিক সেবা এবং অভ্যন্তরীণ সেবার অবস্থা যাচাইয়ের জন্য ০৪ (চার) টি শাখা/অধিশাখা আকস্মিক পরিদর্শনপূর্বক পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।** প্রতিবেদনটি সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদন।

২২-৯-২০২২
রুনু সাহা
সিনিয়র সহকারী সচিব

সচিব, সমন্বয় ও সংস্কারসমন্বয় ও সংস্কারমন্ত্রিপরিষদ
বিভাগ (দৃঃ আঃ উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ
বিভাগ)

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৩৮.০৫.০০৩.২২.৩২৪/১(১২)

তারিখ: ৭ আশ্বিন ১৪২৯
২২ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, কৃষি মন্ত্রণালয়
২) উপসচিব , প্রশাসন-১ শাখা, কৃষি মন্ত্রণালয়
৩) উপসচিব (রুটিন দায়িত্ব), পরিকল্পনা-৪ শাখা, কৃষি মন্ত্রণালয়
৪) উপসচিব, পরিকল্পনা-৫ শাখা, কৃষি মন্ত্রণালয়
৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়
৬) প্রধান বীজতত্ত্ববিদ, বীজ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়
৭) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
৮) ব্যক্তিগত কর্মকর্তা, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়

২২-৯-২০২২

রুনু সাহা
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
মনিটরিং ও রিপোর্টিং শাখা
www.moa.gov.bd

বিষয়: কৃষি মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন পরিকল্পনার কার্যক্রম [১.২] এর আওতায় 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ১ম সভার (জুলাই/২২-সেপ্টেম্বর/২২) ২নং সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত বিভিন্ন শাখা/অধিশাখা আকস্মিক পরিদর্শন প্রতিবেদন।

কৃষি মন্ত্রণালয়ের যুগ্মসচিব (বাজেট ও মনিটরিং) এর সভাপতিত্বে গত ৩১ জুলাই ২০২২ তারিখে কৃষি মন্ত্রণালয়ের 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি'-র ১ম সভা অনুষ্ঠিত হয়। ১ম সভার কার্যবিবরণীর ২নং সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্যগণ সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবামূহ প্রদান করা হয় কি না সে বিষয়ে পর্যবেক্ষণের নিমিত্ত গত ২২/০৮/২০২২ তারিখে মন্ত্রণালয়ের নাগরিক সেবা প্রদানকারী বীজ অধিশাখা, দাপ্তরিক সেবা প্রদানকারী পরিকল্পনা-৪ ও পরিকল্পনা-৫ শাখা এবং অভ্যন্তরীণ সেবার প্রদানকারী প্রশাসন-১ শাখা পরিদর্শনপূর্বক উল্লিখিত শাখাসমূহের মোট ০৫ টি নথি বিশদভাবে পরীক্ষা করা হয়। পরীক্ষান্তে প্রাপ্ত তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো :

**নাগরিক সেবা :**

০২. কৃষি মন্ত্রণালয়ের বীজ অধিশাখা হতে বিভিন্ন ধরণের নাগরিক সেবা প্রদান করা হয়। এসব সেবাসমূহের মধ্যে নিয়ন্ত্রিত ও অনিয়ন্ত্রিত ফসলের জাত বেসরকারি পর্যায়ে ছাড়করণ ও নিবন্ধন; নিয়ন্ত্রিত ও অনিয়ন্ত্রিত ফসলের বীজ বেসরকারি পর্যায়ে আমদানি ও রপ্তানীর অনুমতি; বেসরকারি পর্যায়ে বীজ ডিলার নিবন্ধন; বীজ ডিলার নিবন্ধন নবায়ন ইত্যাদি উল্লেখযোগ্য।

২.১ পরিদর্শনকালে বীজ অধিশাখার বীজ ডিলার নিবন্ধন ও নবায়ন সংক্রান্ত নথি নং-১২.০০.০০০০.০৯৭.১৪.০১৫.২২ (আংশিক নথি-৪) পর্যালোচনা করা হয়। কৃষি মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হতে দেখা যায়, বীজ ডিলার হিসাবে নিবন্ধন সনদের মূল কপি, জাতীয় পরিচয়পত্রের কপি; ট্রেজারি চালান জমার মূল কপি (বীজ ডিলার নিবন্ধনের প্রত্যয়নপত্র নবায়ন প্রদান নবায়ন ফি: ২০০০/-; এবং ৩ মাসের অধিক মেয়াদোত্তীর্ণের ক্ষেত্রে-২৫০০/-) এবং বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে বাংলাদেশ সিড এসোসিয়েশনের সদস্য মর্মে সনদপত্রের কপিসহ নির্ধারিত ফরমে আবেদন করলে আবেদন প্রাপ্তি সাপেক্ষে আবেদন যাচাই-বাছাইপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে ১৫-২০ কার্যদিবসের মধ্যে বীজ ডিলার নিবন্ধন নবায়নের প্রত্যয়ন পত্র প্রদান করা হয়।

**২.২** কমিটি কর্তৃক উল্লিখিত নথি পর্যালোচনায় প্রাপ্ত তথ্য নিম্নরূপ:

| ক্র: নং | প্রতিষ্ঠানের নাম | পত্র শাখায় প্রাপ্তি | শাখা কর্তৃক নথি উপস্থাপন ও নিষ্পন্নের পর পত্র জারির তারিখ | কমিটির পর্যবেক্ষণ |
|---|---|---|---|---|
| ০১. | বীজ প্রত্যয়ন এজেন্সি, নীলফামারী | ৩১/০৮/২০২২ | নথি উপস্থাপন- ০১/০৯/২০২২<br>নথি নিষ্পন্ন- ০১/০৯/২০২২<br>পত্র জারি- ০৪/০৯/২০২২ | সিটিজেনস্ চার্টার-এ প্রতিশ্রুত সময়ের মধ্যে সেবা প্রদান করা হয়েছে |
| ০২. | বীজ প্রত্যয়ন এজেন্সি, রাজবাড়ী | ০১/০৯/২০২২ | নথি উপস্থাপন- ০১/০৯/২০২২<br>নথি নিষ্পন্ন- ০১/০৯/২০২২<br>পত্র জারি- ০৪/০৯/২০২২ | |
| ০৩. | বীজ প্রত্যয়ন এজেন্সি, কুড়িগ্রাম | ০১/০৯/২০২২ | নথি উপস্থাপন- ০১/০৯/২০২২<br>নথি নিষ্পন্ন- ০১/০৯/২০২২<br>পত্র জারি- ০৪/০৯/২০২২ | |

**দাপ্তরিক সেবা:**

০৩. কৃষি মন্ত্রণালয়ের পরিকল্পনা-৪ ও পরিকল্পনা-৫ শাখা হতে বিভিন্ন ধরণের দাপ্তরিক সেবা প্রদান করা হয়। এসব সেবার মধ্যে : সংস্থা কর্তৃক প্রস্তাবিত নতুন উন্নয়ন প্রকল্প অনুমোদন প্রক্রিয়াকরণ, সংশোধিত প্রকল্প প্রক্রিয়াকরণ, উন্নয়ন প্রকল্পের অর্থ অবমুক্তি, অনুমোদিত উন্নয়ন প্রকল্পের আওতায় পদ সৃষ্টি ও সংরক্ষণ, এডিপি / আরএডিপি প্রণয়ন এবং অনুমোদিত প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ ইত্যাদি উল্লেখযোগ্য।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্যঃ

পূর্ব পৃষ্ঠার পরঃ

৩.১ পরিদর্শনকালে পরিকল্পনা-৪ ও পরিকল্পনা-৫ শাখার অনুমোদিত প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত নথি নং-১২.০০.০০০০.০৮৫.১৪.২২১.২০ এবং ১২.০০.০০০০.০৮৭.১৪.০৬৩.১৯ পর্যালোচনা করা হয়। কৃষি মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হতে দেখা যায়, উল্লিখিত কার্যক্রমটি সম্পন্নের নিমিত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে প্রস্তাব প্রাপ্তির পর মাননীয় মন্ত্রী মহোদয়ের অনুমোদন প্রাপ্তির পর ৭ কার্যদিবসের মধ্যে সরকারি আদেশ জারি করা হয়।

৩.২ কমিটি কর্তৃক উল্লিখিত নথি পর্যালোচনায় প্রাপ্ত তথ্য নিম্নরূপ:

| ক্র: নং | প্রকল্পের নাম ও বাস্তবায়নকারী সংস্থা | শাখায় প্রস্তাব প্রাপ্তির তারিখ | শাখা কর্তৃক নথি উপস্থাপনের তারিখ | শাখা কর্তৃক নথি নিষ্পন্নের পর সরকারি আদেশ জারির তারিখ | কমিটির পর্যবেক্ষণ |
|---|---|---|---|---|---|
| ০১. | আম ও অন্যান্য সতেজ কৃষি পণ্যের রপ্তানী বৃদ্ধিতে বাষ্প তাপ প্রয়োগ প্লান্ট স্থাপন শীর্ষক প্রকল্প<br>বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | ৩১/০৭/২০২২ | কাগজপত্র যাচাই বাছাই এর মাধ্যমে ৩১/০৭/২০২২ তারিখে নথি উপস্থাপন করা হয় | ২১/০৮/২০২২ তারিখে মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক নথি অনুমোদনের পর ২২/০৮/২০২২ তারিখে সরকারি আদেশ জারি করা হয়। | সিটিজেনস্ চার্টার-এ প্রতিশ্রুত সময়ের মধ্যে সেবা প্রদান করা হয়নি। যেহেতু সেবাটি প্রদানের ক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক নথি অনুমোদনের পর সরকারি আদেশ জারি করা হয় সেহেতু সেবা প্রদান প্রতিশ্রুতিতে কার্যক্রমটির সময়সীমা সংশোধনপূর্বক পুনঃনির্ধারণ করা যায়। |
| ০২. | ভূ-গর্ভস্থ সেচনালা বর্ধিতকরণের মাধ্যমে সেচ দক্ষতা বৃদ্ধিকরণ এবং পরীক্ষামূলক স্প্রীংকলার ও ড্রীপ সেচ পদ্ধতি প্রচলন শীর্ষক প্রকল্প<br>বরেন্দ্র বহুমূখী উন্নয়ন কর্তৃপক্ষ | ২৪/০৭/২০২২ | কাগজপত্র যাচাই বাছাই এর মাধ্যমে ২৫/০৭/২০২২ তারিখে নথি উপস্থাপন করা হয় | ২১/০৮/২০২২ তারিখে মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক নথি অনুমোদনের পর ২৩/০৮/২০২২ তারিখে সরকারি আদেশ জারি করা হয়। | |

**অভ্যন্তরীণ সেবা (প্রশাসন-১ শাখা):**

০৪. কৃষি মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখা হতে বিভিন্ন ধরণের অভ্যন্তরীণ সেবা প্রদান করা হয়। এসব সেবার মধ্যে কৃষি মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের অনুকূলে জিপিএফ অগ্রিম মঞ্জুর, গৃহ নির্মান/গৃহ মেরামত/কম্পিউটার ক্রয়/মোটর সাইকেল অগ্রিম মঞ্জুর, অর্জিত ছুটি ও বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর, চাকুরিতে স্থায়ীকরণ সংক্রান্ত কার্যক্রম উল্লেখযোগ্য।

৪.১ পরিদর্শনকালে মন্ত্রণালয়ে কর্মরত জনাব উদয়ন দেওয়ান (পরিচিতি নং-১৫৭৪৯), উপসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত নথি নং-১২.০০.০০০০.০১২.৩১.১৮৯.২২ এবং জনাব মো: আল-আমিন খান, সহকারী প্রোগ্রামার ব্যক্তিগত নথি নং-১২.০০.০০০০.০১২.৩১.০১৪.১৯ এর গৃহ নির্মাণ ও চিকিৎসা বাবদ ভবিষ্যত তহবিল হতে অগ্রিম মঞ্জুর সংক্রান্ত প্রশাসন-১ শাখার কার্যক্রম পর্যালোচনা করা হয়। উল্লিখিত সেবাটি প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন শাখায় প্রাপ্তির পর আবেদনটি নথিতে উপস্থাপনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ৪ কার্যদিবসের মধ্যে মঞ্জুরি আদেশ জারি করা হয়।

৪.২ কমিটি কর্তৃক উল্লিখিত নথি পর্যালোচনায় প্রাপ্ত তথ্য নিম্নরূপ:

| ক্র: নং | কর্মকর্তার নাম ও পদবী | আবেদনের তারিখ | শাখায় প্রাপ্তি | নথি উপস্থাপন ও নিষ্পন্নের পর পত্র জারির তারিখ | কমিটির পর্যবেক্ষণ |
|---|---|---|---|---|---|
| ০১. | জনাব উদয়ন দেওয়ান (পরিচিতি নং-১৫৭৪৯)<br>কৃষি মন্ত্রণালয় | ১৪/০৮/২০২২ | ২১/০৮/২০২২ | নথি উপস্থাপন- ২২/০৮/২০২২<br>নথি নিষ্পন্ন- ২৪/০৮/২০২২<br>পত্র জারি- ২৪/০৮/২০২২ | নথিটির কার্যক্রম হার্ড কপিতে সম্পন্ন হয়েছে এবং সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত ৪ কার্যদিবসের মধ্যে সেবা প্রদান করা হয়েছে |
| ০২. | জনাব মো: আল-আমিন খান, সহকারী প্রোগ্রামার<br>কৃষি মন্ত্রণালয় | ২১/০৭/২০২২ | ২৪/০৭/২০২২ | নথি উপস্থাপন- ২৫/০৭/২০২২<br>নথি নিষ্পন্ন- ১১/০৮/২০২২<br>পত্র জারি- ১১/০৮/২০২২ | নথিটির কার্যক্রম ই-নথিতে সম্পন্ন হয়েছে এবং সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত ৪ কার্যদিবসের মধ্যে সেবা প্রদান করা হয়নি |

-৪১-

পূর্ব পৃষ্ঠার পরঃ

০৫। **সুপারিশ:**

| ক্রমিক | সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ক) | প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত সেবাটি প্রদানের ক্ষেত্রে পুনরায় যাচাই-বাছাই করে সেবা প্রদান প্রতিশ্রুতিতে কার্যক্রমটির সময়সীমা সংশোধনপূর্বক পুনঃনির্ধারণ করা যেতে পারে; এবং | উপসচিব পরিকল্পনা-৪ ও পরিকল্পনা-৫ শাখা |
| খ) | সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিতকরণে ই-নথির মাধ্যমে নথি নিষ্পত্তির ক্ষেত্রে নথিতে সেবা প্রদানের সময়সীমা উল্লেখ করা যেতে পারে। | উপসচিব প্রশাসন-১ শাখা |

২৫/০৮/২০২২
(রুনু সাহা)
সিনিয়র সহকারী সচিব
(মনিঃ ও রিপোঃ)
ও
সদস্য সচিব
সিটিজেনস্ চার্টার পরিবীক্ষণ কমিটি
কৃষি মন্ত্রণালয়

২৫/৮/২০২২
(উদয়ন দেওয়ান)
উপসচিব (প্রশাসন-১)
ও
সদস্য
সিটিজেনস্ চার্টার পরিবীক্ষণ কমিটি
কৃষি মন্ত্রণালয়

২৫/৮/২২
(শাহানারা ইয়াসমিন লিলি)
উপসচিব (গবেষণা-১)
ও
সদস্য
সিটিজেনস্ চার্টার পরিবীক্ষণ কমিটি
কৃষি মন্ত্রণালয়

২৫/০৮/২২
(মোঃ জসিম উদ্দিন)
উপসচিব (সম্প্রসারন-১)
ও
সদস্য
সিটিজেনস্ চার্টার পরিবীক্ষণ কমিটি
কৃষি মন্ত্রণালয়

২৫/০৮/২০২২
(নাজিয়া শিরিন)
যুগ্মসচিব (বাজেট ও মনিটরিং)
ও
সভাপতি
সিটিজেনস্ চার্টার পরিবীক্ষণ কমিটি
কৃষি মন্ত্রণালয়